

পালাও প্রজাতন্ত্র

মানবসম্পদ, সংস্কৃতি, পর্যটন এবং উন্নয়ন বিষয়ক মন্ত্রণালয়

জুলাই ০৭, ২০২১

ক্রমিক নং: পিএল২১-০২

গণ বিজ্ঞপ্তি

কোভিড-১৯ দ্বারা ক্ষতিগ্রস্ত সকল অনাবাসিক কর্মীদের সবার জন্য এটি একটি গণ বিজ্ঞপ্তি যা প্রকাশিত হয়েছে মানবসম্পদ, সংস্কৃতি, পর্যটন এবং উন্নয়ন বিষয়ক মন্ত্রণালয় {মিনিস্ট্রি অফ হিউমান রিসোর্স, কালচার, ট্যুরিজম এন্ড ডেভেলপমেন্ট (“MHRCTD”)} থেকে। পালাও-এর শ্রম আইনের সাথে সঙ্গতি রেখে সম্ভব হলে অনাবাসিক কর্মীদের, যোগ্য নিয়োগকর্তার অধীনে কাজের সুযোগ সৃষ্টির জন্য MHRCTD (মন্ত্রণালয়) নিম্নলিখিত প্রকল্প হাতে নিয়েছে।

MHRCTD (মন্ত্রণালয়) অনাবাসিক কর্মীদের কাছ থেকে দরখাস্ত গ্রহণ করবে, যাতে করে অস্থায়ী চাকরি/কর্মসংস্থান পাওয়া বা চাকরি পরিবর্তনের সুযোগ দেয়া যায়। চাকরি পরিবর্তনের ক্ষেত্রে RPPL 10-56, The CROSS Act (আইন)-এর আওতায় এটি অনুমোদিত হতে পারে। কোন যোগ্য নিয়োগকর্তা যদি আবেদনকারী কর্মীকে নিয়োগ দিতে ইচ্ছুক না হন, তা হলে কর্মীর আবেদন মঞ্জুর হবে না। সকল অনাবাসিক কর্মী যারা কোভিড-১৯ মহামারিতে ক্ষতিগ্রস্ত হয়েছেন, বিশেষত যাদের কাজের পারমিটের মেয়াদ শেষ হয়ে গেছে, তাদের MHRCTD (মন্ত্রণালয়) অধীনে নিবন্ধন করতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে, যাতে করে তারা এই প্রকল্পের সুযোগ গ্রহণ করে পালাও প্রজাতন্ত্রে আইন সম্মতভাবে চাকরি করতে পারেন।

যদি চাকরির সুযোগের তুলনায় অধিক চাহিদা থাকে, তাহলে নিম্নোক্তভাবে আবেদনকারীদের অগ্রাধিকারের ভিত্তিতে নিয়োগ দেয়া হবে:

অনাবাসিক কর্মী:

- (১) যার নিয়োগকর্তা মৃত্যুবরণ করেছে বা ব্যবসা বন্ধ করে দিয়েছে/ব্যবসা হারিয়েছে। এইক্ষেত্রে, কর্মীর পারমিটের মেয়াদ শেষ হয়েছে কিনা, সেটি বিবেচ্য হবে না;
- (২) যেসব কর্মীর পারমিটের মেয়াদ শেষ হয়ে গেছে, এবং তার নিয়োগকর্তা সেটি নবায়ন করতে ইচ্ছুক নন;
- (৩) যার চাকরি চলে গেছে অথবা অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে;
- (৪) যার চাকরি পরিবর্তন বা সংকুচিত করা হয়েছে।

সকল নিয়োগকর্তা যারা কর্মীর সন্ধান করছেন, তাদের MHRCTD (মন্ত্রণালয়)-এর সাথে যোগাযোগ করে কর্মীর চাহিদা সম্পর্কে অবহিত করতে অনুরোধ জানানো হয়েছে।

ফ্লাইট চালু হলে অথবা বিশেষ ব্যবস্থায়, যে সকল কর্মী (নিজ দেশে) ফেরত যেতে ইচ্ছুক, তারা অনুগ্রহ করে আবেদনপত্রে তাদের ইচ্ছা ব্যক্ত করবেন। ১২ জুলাই ২০২১, সোমবার থেকে Ngerbeched অবস্থিত শ্রম অফিস থেকে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন। শ্রম অফিসে প্রকল্পটি সংক্রান্ত যে কোন প্রশ্ন করতে পারবেন। আবেদনপত্র ক্রমানুসারে (rolling basis) গ্রহণ করা হবে, এবং আবেদনকারীদের দ্রুত আবেদনপত্র জমা দিতে অনুরোধ করা হচ্ছে, যাতে করে তাদের উপস্থিত নিয়োগকর্তার মাধ্যমে নিয়োগ নিশ্চিত করা যায়।

ধন্যবাদ

Minister Ngiraibelas Tmetuchl

মন্ত্রী